

সামাজিক মাধ্যম ব্যবহারে শিক্ষকদের সতর্ক করল মাউশি



ফাইল ছবি

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২৩ অক্টোবর ২০২৫ | ১২:০৮

(-) (অ) (+)

সরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীদের সামাজিক মাধ্যম, বিশেষ করে ফেসবুক ব্যবহারে সতর্ক থাকার নির্দেশ দিয়েছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি)। গতকাল বুধবার মাউশির সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন) খালিদ হোসেনের সহ করা এক অফিস আদেশে এ নির্দেশনা দেওয়া হয়।

এতে উল্লেখ করা হয়, সরকারি প্রতিষ্ঠানে সামাজিক মাধ্যম নির্দেশিকা ২০১৯ (পরিমার্জিত সংস্করণ) ও সাইবার সুরক্ষা নিশ্চিতকরণ এবং সাইবার স্পেসে সংঘটিত অপরাধ শনাক্তকরণ প্রতিরোধ, দমন ও অপরাধের বিচার এবং আনুষঙ্গিক বিষয়ে ‘সাইবার সুরক্ষা অধ্যাদেশ, ২০২৫’ রয়েছে। এ নির্দেশিকা ও অধ্যাদেশ অমান্য করা আচরণবিধি লজ্জনের শামিল। অনেক ক্ষেত্রে জাতীয় নিরাপত্তার জন্য হানিকর এবং শান্তিযোগ্য অপরাধ।

আদেশে আরও বলা হয়, সামাজিক মাধ্যমে অনুপযুক্ত পোষ্ট, কমেন্ট বা শেয়ার থেকে বিরত থাকতে হবে এবং সাইবার অপরাধ প্রতিরোধে সচেতনতা বাড়াতে হবে। প্রয়োজনীয় ক্ষেত্রে জাতীয় নিরাপত্তা সংস্থা ও আইনশৃঙ্খলা বাহিনীর সহায়তা নিতে হবে।

নির্দেশনাটি দেশের সব সরকারি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানদের কাছে পাঠানো হয়েছে, যেন তারা প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীদের মধ্যে এ বিষয়ে সচেতনতা নিশ্চিত করেন। এতে বলা হয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের আওতাধীন দপ্তর, শিক্ষাপ্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীদের ‘সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯ (পরিমার্জিত সংস্করণ)’ ও ‘সাইবার সুরক্ষা অধ্যাদেশ, ২০২৫’ মেনে চলার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।